# জুলাই সনদ বাস্তবায়নে শিগগিরই সিদ্ধান্ত জানাবে সরকার: আইন উপদেষ্টা



সংগৃহীত ছবি

জুলাই সনদ কার্যকর করার বিষয়ে সরকার শিগগিরই পদক্ষেপ নেবে। আগামী তিন থেকে চার দিনের মধ্যেই এ বিষয়ে স্পষ্ট সিদ্ধান্ত জানানো হবে বলে জানিয়েছেন আইন উপদেষ্টা আসিফ নজরুল। তিনি আশা প্রকাশ করেন, সরকারের সিদ্ধান্ত রাজনৈতিক দলগুলো ইতিবাচকভাবে গ্রহণ করবে।

মঙ্গলবার (১১ নভেম্বর) বিকেলে বিচার প্রশিক্ষণ ইনস্টিটিউটে 'আইনগত সহায়তা প্রদান অধ্যাদেশ ২০২৫'-এর সংশোধিত খসড়া নিয়ে অনুষ্ঠিত মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন।

আইন উপদেষ্টা বলেন, "সংস্কার একটি চলমান প্রক্রিয়া, হঠাৎ করেই সবকিছু বদলে ফেলার চিন্তা সঠিক নয়। ধারাবাহিকভাবে পরিবর্তন আনলেই ফলাফল টেকসই হবে।"

তিনি আরও মন্তব্য করেন, "সংবিধান নিজে কোনো জাদুকরী দলিল নয়—এটি কার্যকর করতে রাজনৈতিক সদিচ্ছা ও বাস্তবায়নের ধারাবাহিকতা প্রয়োজন।" নির্বাচিত সরকারের অধীনে সংস্কারের এ ধারাবাহিকতা বজায় থাকবে বলেও আশাবাদ ব্যক্ত করেন তিনি।

LENS ASIA